

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। প্রতিষ্ঠা ভগিনী ছিল মোর, অনল দেখে সে করে সোর,  
আমার প্রেমের আশুন নিবাহিতে করল বহু জোর।  
ও তার পুড়ে গেল মান্য বাসর গো,  
ও তার পুড়ে গেল মান্য নেচে বেড়ায়।।
- ৫। অনলের তরঙ্গ দেখে, তারকচাঁদ বলছে ডেকে,  
ও তোর জীবন যৌবন আছতি দে, কাজ কি প্রাণ রেখে।  
গৌসাই মহানন্দ বলছে সুখে গো, অশ্বিনী মহাযজ্ঞের সময় যায়।।

### ১১৪ নং তাল-একতালা

করেছি মহাযজ্ঞের আয়োজন।

লয়ে যজ্ঞেশ্বরী এস হরি, ক্ষীরোদশায়ী নীরোদ বরণ।।

- ১। জ্বালিয়ে বিচ্ছেদ ছতাসন, এ দেহ কাষ্ঠ সম্মিলন,  
আমার হৃদয় ঘটে, চিত্তপটে দিয়েছি আসন।  
আমার ভজন পূজন অশ্ব দিব গো, আছতি দিব এ জীবন  
যৌবন।।
- ২। করিব পুণ্যক্ষয় যজ্ঞ, ধর্ম্মকে করলেম উৎসর্গ,  
পঞ্চবিধা ভক্তি মুক্তি দিব তায় অর্ঘ্য।  
আমি বর্গফল আমেশ্বর দিব গো, এ যজ্ঞে দিব প্রতিষ্ঠা চন্দন।
- ৩। এ যজ্ঞের শুন পরিণাম, সর্ব্বস্ব ত্যাগ সর্ব্বস্ব বাম,  
নাহি স্বর্গ নাহি মর্ত্ত, ফলে নিষ্ফল কাম।  
আমার লক্ষ্মী ভাগ্য যজ্ঞে দিব গো, মনেতে কবেছি এই আবিষ্কান।।
- ৪। দশ দশা দশমী দিনে, বসে প্রেম গঙ্গা পুলিনে,  
আমি মহাযজ্ঞ সাজ করিব যোগাসনে।  
যেদিন ব্রহ্মরন্ধ যাবে ফেটে গো, সেইদিন হবে যজ্ঞ সমাপন।।
- ৫। স্বামী মহানন্দ কয়, এই দশা ঘটবে যে সময়,  
আমার হরিচাঁদের শীতল কিরণ, লাগবে তখন গায়।  
অশ্বিনী তুই হ নিরাশয় গো, এ যজ্ঞের ফলে কি তোর প্রয়োজন।।